যুগান্তর

তারিখ ... 21 SEP 2016 ...
পৃষ্ঠা ..০৭.. কলাম ...

# সোনারগাঁয়ে দুটি শিক্ষাপ্রতিষ্ঠানে চুরি

**স্টাফ রিপোর্টার,** *সোনারগাঁ*

সোনারগাঁ উপজেলার পৃথক দুটি স্থানে পৃথক দুটি শিক্ষা প্রতিষ্ঠানে চুরির ঘটনা ঘটেছে। চোরেরদল ওই দুই শিক্ষা প্রতিষ্ঠানের তালা ভেঙে ভেতরে প্রবেশ করার পর, নগদ, টাকা-পয়সা, কম্পিউটার, প্রজেক্টরসহ কয়েক লাখ টাকার মালামাল চুরি করে নিয়ে যায়। এ ঘটনায় মঙ্গলবার বিকালে ওই দুই শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষ থেকে সোনারগাঁ থানায় পৃথক দুটি অভিযোগ দায়ের করা হয়েছে। উপজেলার বৈদ্যেরবাজার ইউনিয়নের বৈদ্যেরবাজার এনএএম পাইলট উচ্চ বিদ্যালয়ে সোমবার গভীর রাতে মুখোশধারী একদল চোর হানা দেয়। এদিকে উপজেলার সাদীপুর বড়বাড়ি রোড সংলগ্ন মহজমপুর এলাকায় অবস্থিত সোনারগাঁ নলেজ কিং কলেজে সোমবার মধ্যরাতে একদল চোর হানা দেয়।